8-01010041 33/2023 8-0101041 28/2023

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

पश्चिमबङ्ग पश्चिम बंगाल WEST BENGAL

H 962667

12/7/2023
12/20
8-2001679594/2023

# ।। কোবালা দলিল ।।

কোবালা সম্পত্তির মূল্য ৩২,০০,০০০ টাকা।

থানা বাঁকুড়া। ইহ পৌরসভা এলাকাভূক্ত সম্পত্তি হইতেছে।

Certified that the document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached with document are the part of this Document.

District Sub-Registrar
Bankura

12 JUL 2023

Ranjan Kumar Mallick

**কোবালা গ্রহীতা ঃ–** (১) শ্রী রাজা মুখার্জ্জী, পিতা শ্রী নোটন মুখার্জ্জী, পেশা ব্যবসা, সাকিম রাজগ্রাম, পোষ্টঃ রাজগ্রাম, থানা ও জেলা বাঁকুড়া, পিন ৭২২১৪৬, (২) শ্রী শুভজিত মাজী, পিতা স্বর্গীয় তপন মাজী, পেশা ব্যবসা, সাকিম স্কুলডাঙ্গা, সুকান্ত স্ট্যাচু এর সন্নিকটে, বাঁকুড়া, পোষ্টঃ, থানা ও জেলা বাঁকুড়া, পিন ৭২২১০১, (৩) শ্রী গৌতম চন্দ্র দাস, পিতা ধরনীধর দাস, পেশা চাকুরী, সাকিম সিনেমা রোড, বাঁকুড়া, পোষ্টঃ, থানা ও জেলা বাঁকুড়া, পিন ৭২২১০১। সর্ব্বজাতি হিন্দু, ভারতীয় নাগরিক।

(পরপৃষ্ঠা ~ ২)

ক্রমিক নং- ১৪৩৬

ইং তাং ১২।৭।২০২৩

নাম শ্রী অজয় মুখার্জী

বাসস্থান

থানা বাঁকুড়া

মুল্য

শ্রী দেবদাস মুখার্জী
বাঁকুড়া সদর স্ট্যাম্প ভেন্ডার

OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR
জেলা অবর নিবন্ধকের সীল মোহর
বাঁকুড়া
BANKURA

District Sub-Registar
Bankura

12 JUL 2023

Ranjan Kumar Mallick



<u>কোবালা দাতা ঃ-</u> শ্রী রঞ্জন কুমার মল্লিক, পিতা মৃত দানিয়েল কুমার মল্লিক, জাতি খ্রীষ্টান, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিম স্কুলডাঙ্গা, বাঁকুড়া, পোঃষ্টঃ, থানা ও জেলা বাঁকুড়া, পিন ৭২২১০১।

কস্য খোস কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে বিবরণ এই যে, নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি আমার ওয়ারিশান সূত্রে প্রাপ্তীয় সম্পত্তি হইতেছে। যাহা পূর্বতঃ আমার ভ্রাতা অঞ্জন কুমার মল্লিক, পিতা দানিয়েল কুমার মল্লিক মহাশয় গত ইংরাজী ১৯৭২ সালের বাঁকুড়া ডি.এস.আর. অফিসের ১২৫৮৩ নং রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে জেলা ও থানা বাঁকুড়া অধীন ঘটক মহল্লা সাকিমের মহামায়া দত্ত, স্বামী রাম শঙ্কর দত্ত এর নিকট হইতে খরিদ করিয়া বর্তমান হাল এল.আর. মাপের খতিয়ানে নিজ নামে কতকাংশ পরিমাপিত করাইয়া খাস দখলে দখলীকার থাকা অবস্থায় অবিবাহিত অবস্থায় স্ত্রী, পুত্র-কন্যা বিহীনে পরলোকগমন করিলে পর তাহার ত্যক্ত সম্পত্তি আমি তাহার সহোদর ভ্রাতা ওয়ারিশান বিধায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি একক প্রাপ্ত হইয়া অদ্যাবধি আমি নিজ স্বত্বে স্বত্ববান মতে অন্যের বিনা সংশ্রবে জগতের লোকচক্ষুর গোচরে নির্ব্বিবাদে খাস দখলে দখলীকার আছি।

প্রকাশ থাকে যে, জেলা ও থানা বাঁকুড়া সামীল রেঃ সাঃ নং ৮৮০ থানাওয়ার নং ২২৮ তৌজি নং ১৪ খুদশোল মৌজার মধ্যে বিগত মেজর সেটেলমেন্টের ৪৫ নং খতিয়ানের সাবেক ২২৬ নং দাগে ৪২ শতক সম্পত্তি ও অপরাপর সম্পত্তি যাহাতে শ্রী ললিত মোহন বন্দ্যোপাধ্যায় বাদী ও শ্রী অজিত কুমার বন্দ্যোপাধ্যায় বিবাদী দীং -কে পক্ষ করিয়া বাঁকুড়া সাব-জজ্ আদালতে ১৯৪৯ সালের ৫৬ নং দেওয়ানী পার্টিশান মোকর্দ্দমা আনয়ন করিয়া তাহা ২২/০৬/১৯৬২ তারিখে ফাইন্যাল ডিক্রি প্রাপ্ত হইয়া উক্ত দেওয়ানী পার্টিশান মোকর্দ্দমার কমিশনারকৃত নক্সায় ২২৬/৩ নং দাগে ৪২ শতক ইহার ১/৩ অংশে ১৪ শতক সম্পত্তি ও অপরাপর সম্পত্তি সহ শ্রী অজিত কুমার বন্দ্যোপাধ্যায় দীং ও ১/৩ অংশে ১৪ শতক সম্পত্তি ও অপরাপর সম্পত্তি শ্রী অসীম কুমার বন্দ্যোপাধ্যায় দীং Allotment -এ প্রাপ্ত হইয়া অন্যের বিনা সংশ্রবে চিহ্নিত সুরৎ ভাবে নির্ব্বিবাদে খাস দখলে দখলীকার ছিলেন। উক্ত ২২৬/৩ নং দাগে ১৪ শতক ও অপরাপর সম্পত্তি সহ রাণীগঞ্জ নিবাসী শ্রী অজিত কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী সুজিত কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী রঞ্জিত কুমার বন্দ্যোপাধ্যায়,

(পরপৃষ্ঠা ~ ৩)

Ranjan Kumar Mallick

(৩)

শ্রী বিজিত কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী সজিত কুমার বন্দ্যোপাধ্যায় ও শ্রীমতী মহামায়া দেবী ইহাদের নিকট হইতে বাংলা সন ১৩৭৬ সাল ৫ ই অগ্রহায়ন, ইংরাজী সন ১৯৬৯ সাল ২১ শে নভেম্বর তারিখে লিখিত রাণীগঞ্জ সাব-রেজিষ্ট্রী অফিসের ১৯৬৯ সালের ১ নং বহির ৬৬ নং ভলুমের ৬৪-৬৭ নং পৃষ্ঠায় ৬১৮৭ নং রেজিষ্ট্রীকৃত খোস কোবালা দ্বারা মহামায়া দত্ত খরিদ করিয়া অন্যের বিনা সংশ্রবে চিহ্নিত সুরত ভাবে দখলকারিনী ছিলেন এবং ২২৬/৩ নং দাগে ৪২ শতক ইহার ১/৩ অংশে ১৪ শতক সম্পত্তি ও অপরাপর সম্পত্তি রাণীগঞ্জ নিবাসী শ্রী অনিল কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী অসীম কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী অরূপ বন্দ্যোপাধ্যায় ও উমারানী দেবী ইহাদের নিকট হইতে বাংলা সন ১৩৭৬ সাল ২৩ শে ভাদ্র, ইংরাজী সন ১৯৬৯ সাল ৯ ই সেপ্টেম্বর তারিখের লিখিত রানীগঞ্জ সাব-রেজিষ্ট্রী অফিসের ১৯৬৯ সালের ১ নং বহির ৬৫ নং ভলুমের ৩-৬ নং পৃষ্ঠায় ৫৯৭১ নং রেজিষ্ট্রীকৃত খোস কোবালা দ্বারা মহামায়া দত্ত খরিদ করিয়া অর্থাৎ এমতে দুইটি পৃথক কোবালা দলিল মূলে নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি মহামায়া দত্ত খরিদ করিয়া অন্যের বিনা সংশ্রবে চিহ্নিত সুরত ভাবে দখলকারিনী থাকা অবস্থায় গত ইংরাজী ১৯৭২ সালের বাঁকুড়া ডি.এস.আর. অফিসের ১২৫৮৩ নং রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল দ্বারা আমি অত্র দলিলের দাতা আমার ভ্রাতা অঞ্জন কুমার মল্লিক মহাশয়কে বিক্রয় করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি হইতে চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। আমি অত্র দলিলের দাতা আমার ভ্রাতা অঞ্জন কুমার মল্লিক তাহার খরিদা সম্পত্তি হাল এল.আর. মাপের খতিয়ানে নিজ নামে কতকাংশ পরিমাপিত করাইয়া খাস দখলে দখলীকার থাকা কালীন অবিবাহিত অবস্থায় স্ত্রী, পুত্র-কন্যা বিহীনে পরলোকগমন করিলে পর তাহার ত্যক্ত সম্পত্তি আমি তাহার সহোদর ভ্রাতা ওয়ারিশান বিধায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি একক প্রাপ্ত হইয়া অদ্যাবধি আমি নিজ স্বত্বে স্বত্ববান মতে অন্যের বিনা সংশ্রবে জগতের লোকচক্ষুর গোচরে নির্ব্বিবাদে খাস দখলে দখলীকার আছি।

এক্ষনে, আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি বিক্রয়ের ঘোষণা ও প্রচার করিলে আপনারা অত্র কোবালা দলিলের গ্রহীতাগন তাহা অবগত হইয়া খরিদ করিতে ইচ্ছাপ্রকাশ করায় পঞ্চজনা ভদ্রলোক দ্বারা স্থিরিকৃত সর্ব্বোচ্চ বাজার দরের উচিত মূল্য ৩২,০০,০০০ (বত্রিশ লক্ষ) টাকা মূল্য স্থির করিয়া স্থিরকৃত মূল্যের বাবদ সম্যক টাকা আপনাদের নিকট হইতে ব্যাঙ্ক মারফৎ

(পরপৃষ্ঠা ~ ৪)

ও নগদে বুঝিয়া পাইয়া সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অত্র কোবালা দলিল মূলে আপনাদের বরাবর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব সামিত্ব আয় লভ্য অধিকারাদী ও দাবী দাওয়াদী ছিল অদ্য হইতে তাহা সম্পূর্ণরূপে লোপ পাইয়া আপনাদের প্রতি বর্ত্তিল। অতঃপর বিক্রীত সম্পত্তিতে আপনারা আমার স্বত্বে স্বত্ববান হইয়া দান বিক্রয় এবং সর্ব্বপ্রকার হস্তান্তরাদির মালিক ও অধিকারী হইয়া বিক্রীত সম্পত্তি বাবদ দেয় ধার্য্য খাজনা সন সন পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বি. এল. এ্যন্ড এল. আর. ও. মহাশয়কে আদায় দিয়া আমার নাম পরিবর্তন করাইয়া আপনাদের নিজ নিজ নামে রেকর্ড নথীভুক্ত করাইয়া নিম্ন তপশীল বর্ণিত বাস্তুযোগ্য ফাঁকা ভূমিতে বসবাসাদীর নিমিত্ত ইচ্ছামত নূতন কাঁচা পাকা গৃহাদী নির্ম্মান মতে কূপ খননাদি মতে, স্যানিটারী পায়খানা নির্ম্মান মতে, নিজ নিজ নামে ইলেকট্রিকের কানেকশন লইয়া এবং যাতায়াতী রাস্তায় অবাধে যাতায়াত মতে ভোগ দখল অধিকার করিয়া তথায় চিরকাল পুত্র পৌত্রাদী মায় স্থলাভিষিক্ত ওয়ারিশানগনক্রমে পরম সুখে ভোগ দখল ও অধিকারাদি করিতে থাকুন, ভবিষ্যতে বিক্রীত সম্পত্তিতে আমি কিম্বা আমার স্থলাভিষিক্ত ওয়ারিশানগন কেহ কখনো কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি কিছুমাত্র করিতে পারিব না, করিলেও তাহা সর্ব্বস্থলে সর্ব্বোত ভাবে বাতিল ও নামঞ্জুর হইবে। বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি নির্দায় ও নির্দোষ অবস্থায় থাকাকালীন এবং আমার অব্যাহত স্বত্বদখল বজায় থাকাকালীন আপনাদিগকে বিক্রয় করিলাম।

প্রকাশ থাকে যে, বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি আমি পূর্বে কাহাকেও বা ব্যাঙ্ক বা সরকারি কোন সংস্থায় কোন প্রকার মর্টগেজ বা চুক্তিপত্র বা কোনপ্রকার দায়বদ্ধতা নাই। ভবিষ্যতে যদি কোনদিন বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তির কোন প্রকার মর্টগেজাদি বা দায় বদ্ধতা প্রকাশ পায় বা আপনাদের স্বত্ব দখলের কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে বা কেহ ঘটায় বা অপরাপর কেহ দাবী করিয়া আপনাদের খরিদা স্বত্বে যেকোন প্রকার ছায়াপাত ঘটায় তাহা হইলে আমি মায় ওয়ারিশগন তাহা স্বখরচে আপনাদের মায় ওয়ারিশগনের প্রতি উক্ত ছায়া অপসারন করিয়া দিতে বাধ্য ও বদ্ধ রহিলাম এবং প্রয়োজনে যেকোন প্রকার সংশোধনী দলিল করিয়া দিতে বাধ্য ও বদ্ধ রহিলাম।

(পরপৃষ্ঠা ~ ৫)

Ranjan Kumar Mallick



এতদর্থে অত্র কোবালা দলিল পড়িয়া বুঝিয়া মর্ম ও ফলাফল অবগত হইয়া সুস্থ চিত্তে সরল মনে অন্যের বিনা প্ররোচনায় ও প্রলোভনে আপন ইচ্ছায় আপন খুশীতে অত্র কোবালা দলিলে নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগনের সাক্ষাতে অত্র কোবালা দলিল আপনাদের বরাবর নিজ নাম সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা ১৪৩০ বঙ্গাব্দের ২৬ শে আষাঢ় ; ইংরাজী ২০২৩ দুই হাজার তেইশ খ্রীষ্টাব্দের ১২ ই জুলাই।

## -ঃ তপশীল ঃ-

জেলা চৌকী কালেকটারী রেজিষ্ট্রী সাব-রেজিষ্ট্রী ও থানা বাঁকুড়া সামীল বাঁকুড়া পৌরসভার অর্ন্তগত ১১ নং ওয়ার্ডভুক্ত খ্রীষ্টানডাঙ্গা রোড সন্নিকটস্থ থানাওয়ার নং ২২৮ খুদশোল মৌজার মধ্যে বিগত মেজর সেটেলমেন্টের ৪৫ নং খতিয়ান, বর্তমান হাল এল. আর. মাপের ২৭৯৪ নং খতিয়ানভুক্ত সাবেক দাগ নং ২২৬, হাল এল.আর. মাপের ৫৪৩ পাঁচশত তেচল্লিশ নং দাগে তড়া শ্রেণীভুক্ত বর্তমানে বাস্তুযোগ্য আমার প্রাপ্তীয় সম্যক স্বত্বাদী ৩৮২৫ বর্গফুট বা ০৫ কাঠা ০৫ ছটাক ০০ বর্গফুট কাত ০.০৯ একর ফাঁকা সম্পত্তি মায় যাতায়াতী রাস্তার যাবতীয় স্বত্বসহ সম্পত্তি আমি অত্র কোবালা দলিলের দাতা আপনাদিগকে অত্র কোবালা দলিল মূলে সম সম অংশে বিক্রয় করিলাম। বিক্রীত ভূমির বাহুর মাপ উত্তর সীমায় পূর্ব-পশ্চিমে ৩৩'-০০" ফুট, দক্ষিন সীমায় পূর্ব্ব-পশ্চিমে ২০'-০১" ফুট + ০৮'-০৯" ফুট + ০৭'-১০" ফুট, পূর্ব সীমায় উত্তর-দক্ষিনে ১০৫'-০০" ফুট, পশ্চিম সীমায় উত্তর-দক্ষিনে ১২০'-০০" ফুট, যাহার একবন্দ চৌহদ্দী পূর্বে - সাবেক ২২৬ নং দাগে সরোজ কৃষ্ণ দত্ত এর জায়গা পশ্চিমে - ৮ ফুট প্রসস্থ যাতায়াতী রক্ষিত কাঁচা রাস্তা, উত্তরে - ১৯ ফুট প্রসস্থ যাতায়াতী ঢালাই রাস্তা, দক্ষিনে - সাবেক ২৩২ ও ২৩১ নং দাগের জায়গা, অত্র পরিমাপ ও চৌহদ্দীভুক্ত ৩৮২৫ বর্গফুট বা ০৫ কাঠা ০৫ ছটাক ০০ বর্গফুট কাত ০.০৯ একর ফাঁকা সম্পত্তি মায় যাতায়াতী রাস্তার যাবতীয় স্বত্বসহ সম্পত্তি আমি অত্র কোবালা দলিলের দাতা আপনাদিগকে অত্র কোবালা দলিল মূলে সম সম অংশে বিক্রয় করিলাম। যাহা অত্র কোবালা দলিলের সহিত দাখিলীকৃত নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত করিয়া দর্শান আছে, ইহা অত্র দলিলের

(পরপৃষ্ঠা ~ ৬)

# SALE PLAN

MOUZA - KHUDSOLE, J.L NO - 228, PLOT NO - 226 ( R.S) 543 ( L.R), KH. NO - 2794 ( L.R),
WARD NO - 11, BANKURA MUNICIPALITY, P.S + DIST - BANKURA.


SCALE - 1"= 16' - 6"

N

AREA OF SALE PLOT
= 3825 S.FT = 5 KA. 5 CH. 00 S.FT
= 0.09 ACRE

SALE AREA SHWON THUS

VENDEE - 1) RAJA MUKHERJEE
2) SUBHAJIT MAJEE
3) GOUTAM CHANDRA DAS





Ranjan Kumar Mallick

DRAWN BY
(SURVEYOR)

Tarun Sindal
SURVEYOR
R. NO. L/21783

VENDOR`S SIGNATURE

# SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS



Ranjan Kumar Mallick

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

SELLER

Signature Ranjan Kumar Mallick



Raja Mukherjee

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

SELLER/ BUYER

Signature Raja Mukherjee



Subhrajit Mitra

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

SELLER/ BUYER

Signature Subhrajit Mitra



Gautam ch Das

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

SELLER/ BUYER

Signature Gautam ch. Das

Ranjan Kumar Mallick



একাংশগন্য হইতেছে। রায়ত স্বত্ত্বীয় সম্পত্তি। মোট জমার হারহারিতে ধার্যিত খাজনা পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বি. এল. এন্ড এল. আর. ও., বাঁকুড়া ১ নং মহাশয় আদায় পান।

**টাকা প্রাপ্তীর জায় ঃ-**

শ্রী রাজা মুখার্জ্জী এর নিকট হইতে HDFC Bank এর ০০০০৪৫ নং চেক দ্বারা ২,৫০,০০০৲ টাকা এবং HDFC Bank এর RTGS মারফৎ ৫,৫০,০০০৲ টাকা;

শ্রী শুভজিত মাজী এর নিকট হইতে HDFC Bank এর ০০০০১২ নং চেক দ্বারা ২,৫০,০০০৲ টাকা এবং HDFC Bank এর RTGS মারফৎ ৫,৫০,০০০৲ টাকা;

শ্রী গৌতম চন্দ্র দাস এর নিকট হইতে AXIS Bank এর ৪০৭৯২১ নং চেক দ্বারা ৫,০০,০০০৲ টাকা এবং AXIS Bank এর RTGS মারফৎ ১১,০০,০০০৲ টাকা;

একুনে মোট ৩২,০০,০০০৲ (বত্রিশ লক্ষ) টাকা।

Ranjan Kumar Mallick

Ranjan Kumar Mallick

ইসাদী -

[illegible]

জয়দেব চ্যাটার্জ্জী
পিতা - ৺জয়হরি চ্যাটার্জ্জী
সাং. স্কুলডাঙ্গা
বাঁকুড়া

Balaram Das.
Late - Kshitish Mohan Das.
Schooldanga, Bankura.

অত্র কোবালা দলিলের সহিত দাখিলীকৃত অতিরিক্ত পৃষ্ঠায় কোবালা দাতা এবং গ্রহীতা এর পাসপোর্ট ছবি, সহি এবং প্রতিটি হাতের প্রতিটি আঙ্গুলের টিপ ছাপ প্রত্যয়িত হইল, যাহা অত্র মূল দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

Apurba Kumar Goswami

খসড়া প্রস্তুতকারক ঃ-
Apurba Kumar Goswami
এ্যাডভোকেট,
বাঁকুড়া ডিস্ট্রিক্ট জজ কোর্ট,
এনরোলমেন্ট নং [illegible]

মুদ্রনে ঃ-
কাঞ্চন মৈত্র
(কাঞ্চন মৈত্র)
বাঁকুড়া কোর্ট কম্পাউন্ড।